

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮৭

জম্মুইজলা, ২০ সেপ্টেম্বর, ২০২৪

ক্রেতা স্বার্থ সুরক্ষা বিষয়ে জম্মুইজলায় সচেতনতা শিবির অনুষ্ঠিত

গতকাল সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ে ক্রেতা সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয় ও খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উপ অধিকর্তা স্বপন দেববর্মা। তিনি মেয়াদ উত্তীর্ণ পণ্য, ভেজাল পণ্য সনাক্তকরণ ও ব্যবহার না করা সহ ক্রেতা স্বার্থ বিষয় নিয়ে আলোচনা করেন। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের প্রিন্সিপাল ধর্মচরণ জমাতিয়া, জম্মুইজলার ডিসিএম বিশ্বনাথ রায় প্রমুখ।
